# হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

মুযদালিফায় প্রচলিত ভুলত্রুটি ও বিদ‘আত

- মুযদালিফার উদ্দেশ্যে আরাফা ত্যাগ করার সময় তাড়াহুড়া করা।
- মুযদালিফায় রাত কাটানোর জন্য গোসল করা।
- মুযদালিফাকে পবিত্র এলাকা গণ্য করে পায়ে হেঁটে এলাকায় প্রবেশ করা।
- মুযদালিফায় পৌঁছার পর এ দো‘আ করা সুন্নাত মনে করা, (হে আল্লাহ এ মুযদালিফা, এখানে একত্রে অনেক ভাষা এসেছে..।)
- দুই সালাতের মাঝে মাগরিবের সুন্নাত সালাত পড়া ও এশার পর সুন্নাত পড়া।
- মুযদালিফায় পৌঁছে মাগরিব ও এশার সালাত পড়ার আগে কংকর নিক্ষেপের কংকর সংগ্রহ করা।
- কংকর শুধু মুযদালিফা থেকে সংগ্রহ করতে হবে এ ধারণা পোষণ করা।
- মুযদালিফায় জাগ্রত অবস্থায় রাত কাটানো।
- পুরো রাত যাপন করা ছাড়াই কিছুক্ষণ অবস্থান করে মুযদালিফায় থেকে বের হয়ে যাওয়া।
- ‘আল মাশার আল হারাম’ পৌঁছার পর এ দো‘আ পাঠ করা নিয়ম মনে করা, (হে আল্লাহ আমি এ রাতের মাধ্যমে আপনার কাছে প্রার্থনা করছি..।)
- মুযদালিফা থেকে কংকর নিক্ষেপের জন্য ৭টি কংকর নেওয়া এবং বাকি সব কংকর ওয়াদী মুহাসসারের পাশ থেকে নেওয়া রীতি মনে করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন